পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী

একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের নমুনা প্রশ্নপত্র

(২০১৬ সালে অনুষ্ঠিতব্য উচ্চ-মাধ্যমিক পরীক্ষা থেকে প্রযোজ্য। ২০১৫ সালের উচ্চ-মাধ্যমিক প্রাক-নির্বাচনী এবং নির্বাচনী পরীক্ষায় এই প্রশ্নপত্র নমুনা হিসেবে গ্রহণ করা যায়)

নমুনা প্রশ্ন : ক

১। (ক) বাংলা উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের উচ্চারণ লেখ :

নিঃশেষ, অণু, মাদল, বৈধ, পরী, লক্ষণ, পদ্য, প্রণীত।

২ (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের বানান শুদ্ধ করে লেখ :

ক্ষীনজিবী, শান্তনা, ক্রিতকার্য, সদ্যজাত, বয়োকনিষ্ঠ, দূরদর্শীতা, ভোগলিক, আশীষ।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা

(খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষণ নির্বাচন কর :

সাদা মেঘে আকাশ ছেয়ে আছে। হঠাৎ টিপ টিপ বৃষ্টি শুরু হল। করিম ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যে কোনো ৫টি) ৫

যাদুকর, চতুর্ভুজ, বাহুলতা, মধ্যবয়সী, সুকণ্ঠ, সহজাত, জলেস্থলে, লাঠালাঠি।

অথবা

(খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর : (যে কোনো ৫টি)

দর্শনীয়, কর্মী, বৃষ্টি, দোকানদার, সোনালি, দোলনা, ঢাকাই, নায়ক।

৫। (ক) বাক্য কাকে বলে ? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) বাক্যান্তর কর : (যে কোনো ৫টি)

(i) এইমাত্র যে এল সে একজন ছাত্র। (সরল)

(ii) কী ভয়ংকর ঘটনা! (নির্দেশাত্মক)

(iii) তার নাম রেশমা। (জিজ্ঞাসাসূচক)

(iv) তোমার যাওয়াই উচিত। (অনুজ্ঞাসূচক)

(v) লোকটি ধনী কিন্তু কৃপণ। (সরল)

(vi) সাহসীরাই সফল হয়েছে। (কার্যকারণাত্মক)

(vii) সে সুস্থ নয়। (অস্তিবাচক)

(viii) তুমি অন্যায় করেছ। (নেতিবাচক)

৬। (ক) যে কোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) পরবর্তীতে আপনি আবার আসবেন।

(ii) নতুন নতুন ছেলেগুলো স্কুলে বড় উৎপাত করছে।

(iii) আমি আপনার জ্ঞাতার্থে এই সংবাদ লিখিলাম।

(iv) আমি আপনাকে অন্তরের অন্তঃস্থল হতে ধন্যবাদ দিলাম।

(v) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।

(vi) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হইয়াছে।

(vii) আমার আর বাঁচিবার স্বাদ নাই।

(viii) কারো ফাগুন মাস আর কারো সর্বনাশ।

অথবা

(খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :

বৃষ্টি চলাকালীন সময়ে রাতুল ফিরে এল। সে খুবই সুবুদ্ধিমান। তার আপাদমস্তক পর্যন্ত ভেজা। পোশাক পাল্টানো আবশ্যকীয়। কিন্তু প্রথমেই সে আকণ্ঠ ভোজন করিল। তা দেখে রাতুলের মা বিস্মিত হলো। তবে রাতুল নিঃসন্দিহান যে, তার অসুখ হবে না।

৭। (ক) যে কোনো ১০টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Faculty, Embargo, Adviser, Sabotage, White-paper, Manuscript, Oath, Code, Auditor, Fiction, Index, Quack, Civil war, Boycott, Expert.

অথবা

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর।

Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our works from our boyhood. Boyhood is the seed time. The habit formed at this time will continue all through our life.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের দিনের একটি দিনলিপি বা রোজনামচা রচনা কর। ১০

অথবা

(খ) কলেজে নবীনবরণ অনুষ্ঠানের প্রধান অতিথির একটি ভাষণ তৈরি কর

৯। (ক) বাংলায় এমন একটি ই-মেইল তৈরি কর যা প্রবাসী বন্ধুকে তোমার এলাকা ভ্রমণে উদ্বুদ্ধ করবে। ১০

অথবা

(খ) ডাকযোগে বই প্রেরণের অনুরোধ জানিয়ে একটি প্রকাশনা কেন্দ্রের ম্যানেজার বরাবর ব্যবসায়িক পত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া
যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা

(খ) ভাব-সম্প্রসারণ কর :

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

১১। (ক) শিক্ষা সফর প্রসঙ্গে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা

(খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'দুর্ঘটনা' বিষয়ে একটি ক্ষুদে গল্প রচনা কর :

হঠাৎ রিক্সার ডান চাকাটি খুলে দৌড়াতে লাগল। ...

১২। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ :

(ক) বাংলাদেশকে যেমন দেখতে চাই

(খ) তোমার প্রিয় লেখক

(গ) আধুনিক জীবনে তথ্যপ্রযুক্তির প্রভাব

(ঘ) বইপড়ার আনন্দ

(ঙ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী
একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের নমুনা প্রশ্নপত্র
(২০১৬ সালে অনুষ্ঠিতব্য উচ্চ-মাধ্যমিক পরীক্ষা থেকে প্রযোজ্য। ২০১৫ সালের উচ্চ-মাধ্যমিক প্রাক-নির্বাচনী এবং নির্বাচনী পরীক্ষায় এই প্রশ্নপত্র নমুনা হিসেবে গ্রহণ করা যায়)

নমুনা প্রশ্ন : খ

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লেখ ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের উচ্চারণ লেখ :

অলি, কাজল, দৈব, এখন, অতঃপর, নদী, ক্ষমা, গদ্য

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের বানান শুদ্ধ কর :

পরিপক্কতা, প্রতীদন্দিতা, আকাংখা, নূন্যতম, কীত্তিবাস, পুরস্কার, বুদ্ধিজিবী, কৃতদাস

৩। (ক) উদাহারণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা

(খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষ্য পদ চিহ্নিত কর :

রবীন্দ্রনাথ বাংলা ভাষার কবি, বিশ্বকবি। গীতাঞ্জলি কাব্যের জন্য তিনি নোবেল পান। সারা বিশ্বের বিদগ্ধজন্ যেমন আইনস্টাইন, রমারলা, ইয়েটস প্রমুখের সাথে তাঁর বন্ধুত্ব গড়ে উঠেছিল। আবার ইতালির মুসোলিনিকে নিয়ে তিনি এঁকেছিলেন ব্যঙ্গচিত্র।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে' – আলোচনা কর। ৫

অথবা

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর। (যে কোনো ৫টি) :

পুষ্টিকর, ত্রিরত্ন, পথেঘাটে, নীলাকাশ, বদমেজাজী, চাঁদমুখ, কানাকানি, সচিত্র।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুযায়ী বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) বাক্যান্তর কর : (যে কোনো ৫টি)

(i) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
(ii) যেই না বাইরে বের হলাম অমনি বৃষ্টি শুরু হলো। (সরল)
(iii) তার চাকরিটা হয়ে যাবে। (সন্দেহদ্যোতক)
(iv) সে আজ বাড়ি যাবে না। (প্রশ্নসূচক)
(v) আমি তোমার সফলতা কামনা করি। (প্রার্থনাসূচক)
(vi) যিনি এইমাত্র এলেন তিনি একজন অধ্যাপক। (সরল)
(vii) সুন্দর গল্পটি ভোলা যায়না। (কার্যকারণাত্মক)
(viii) সে আজ কলেজে অনুপস্থিত। (নেতিবাচক)

৬। (ক) যে কোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) তিনি আরোগ্য হইয়াছেন।
(ii) সব মাছগুলোর দাম কত?
(iii) আপনি কি আমার স্বপক্ষে না বিপক্ষে?
(iv) ইদানীং কালে তাঁর অবকাশ নেই।
(v) তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।
(vi) বাজারে খাঁটি সরিষার তেল দুর্লভ।
(vii) আবশ্যকীয় বিছানাপত্র সঙ্গে লইয়া আসিবেন।

(viii) দৈন্যতা সব সময় প্রশংসনীয় নয়।

অথবা

(খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :

রাহেলা দেখতে সুন্দরী, বুদ্ধিতেও প্রখর। সে আজ সংকট অবস্থা পার করছে। কেননা পরিবারে ঐক্যতা নেই। বিশেষ করে স্বামীর আচরণ লজ্জাস্কর হয়ে উঠল। লোকটা কুপুরুষের মতো কথা বলছে।

৭। (ক) যে কোনো ১০টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Lease. File. Encyclopedia, Doner, Biodata. Academic year. Highway. Campus. Cabinet. Zoo, Viva-voce, Hostage, Copyright. Bail. Diploma.

অথবা

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

We live in the age of science. We can see the influence of science in all fields. Science is a constant companion in our daily life. We have made the impossible possible with the help of science. Present civilization is the glorious achievement of science. Science has to be employed in the greater welfare of mankind.

৮। (কা) একটি বর্ষণমুখর সন্ধ্যার অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা

(খ) তোমার কলেজে স্বাধীনতা দিবস উদ্‌যাপন বিষয়ে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট প্রেরণের জন্য ন্যূনতম ৫টি বাংলা বাক্যের একটি ক্ষুদে বার্তা বা এসএমএস তৈরি কর। ১০

অথবা

(খ) মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকের শূন্য পদে চাকরির আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

কোনো সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি কারো থাকে, তাহলে তাদের সব বই ধ্বংস করতে হবে এবং সকল পণ্ডিতকে হত্যা করতে হবে। এতে উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক ও পণ্ডিতরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশ বা জাতিকে উন্নত করতে হলে জ্ঞান ও সাহিত্যের বিকল্প নেই; পণ্ডিত ও সাহিত্যিক ছাড়া উপায় নেই।

অথবা

(খ) ভাবসম্প্রসারণ কর :

সুশিক্ষিত ব্যক্তি মাত্রই স্বশিক্ষিত।

১১। সম্প্রতি বিশ্ব ক্রিকেটে বাংলাদেশের অবস্থান বিষয়ে পিতাপুত্রের কথোপকথন রচনা কর। ১০

অথবা

(খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'শব্দ-দূষণ' বিষয়ে একটি ক্ষুদে গল্প রচনা কর :

মাইকের তীব্র শব্দে রাশিদুল কান চেপে ধরে। ...

১২। নিচের যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা

(খ) নদী তীরে একাকী

(গ) দুর্নীতি জাতীয় জীবনের অভিশাপ

(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

(ঙ) পিতামাতার প্রতি দায়িত্ব ও কর্তব্য